



ছাত্রদলের সঙ্গে যুক্ত হলেন গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের ভিপি



গকসু ভিপি ও তারেক রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ শেষে দলটির অঙ্গ সংগঠন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলে যোগ দিয়েছেন গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (গকসু) সহসভাপতি (ভিপি) মো. ইয়াসিন আল মৃদুল দেওয়ান।

গুত্রবার (৬ ফেব্রুয়ারি) ছাত্রদলের সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির তার ফেসবুক পোস্টে বিষয়টি জানান।

পরে রাতে প্রতিবেদকের সঙ্গে মুঠোফোনে আলাপে ভিপি মো. ইয়াসিন আল মৃদুল দেওয়ান নিজেও বিষয়টি নিশ্চিত করেন।

গকসু ভিপি মো. ইয়াসিন আল মৃদুল দেওয়ান বলেন, জাতীয়তাবাদী ছাত্রদলের আদর্শ ও মতাদর্শের সঙ্গে আমার নিজস্ব চিন্তার মিল পাওয়ার কারণেই আমি এই দলে আনুষ্ঠানিকভাবে যুক্ত হয়েছি। বিশেষ করে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের বক্তব্য, চিন্তাধারা ও রাজনৈতিক দর্শনের সঙ্গে আমার আদর্শের একটি সুস্পষ্ট মিল খুঁজে পাই। তার সঙ্গে কথা বলা ও সরাসরি দেখা করার পর তার কথাবার্তা এবং রাজনৈতিক মতাদর্শ আমার কাছে অত্যন্ত প্রশংসনীয় ও গ্রহণযোগ্য মনে হয়েছে। এই মিল থেকেই আমি মনে করেছি, এই রাজনৈতিক ধারার সঙ্গে যুক্ত হয়ে জাতীয় রাজনীতিতে ইতিবাচক ভূমিকা রাখার সুযোগ রয়েছে।

উল্লেখ্য, দীর্ঘ সাত বছর পর ২০২৫ সালের সেপ্টেম্বরে সভার বেসরকারি গণ বিশ্ববিদ্যালয়ের (গবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু) নির্বাচন অনুষ্ঠিত হয়। ওই নির্বাচনে সহ-সভাপতি (ভিপি) পদে ইয়াসিন আল মৃদুল দেওয়ান, সাধারণ সম্পাদক (জিএস) পদে রায়হান খান এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে সামিউল হাসান শোভন নির্বাচিত হন।